

গবেষণা ও প্রকাশনা বিষয়ে উপাচার্যের রাশিয়া ভ্রমণ



জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মীজানুর রহমান বাংলাদেশ ও রাশিয়ার মধ্যে অধিকতর বৈজ্ঞানিক যোগাযোগ, যৌথ গবেষণা ও প্রকাশনা বিষয়ে আলোচনা সভায় অংশগ্রহণের জন্য ১২ থেকে ২২ মে রাশিয়া ভ্রমণ করেন। এসময় তিনি রাশিয়ার মস্কো স্টেট ইনস্টিটিউট অব ইন্টারন্যাশনাল রিলেশনস্ (ইউনিভার্সিটি)-তে উক্ত আলোচনা সভায় অংশগ্রহণ করেন। এছাড়াও তিনি রাশিয়ার বিভিন্ন বিশিষ্ট ব্যক্তিদের সাথে স্বাক্ষাৎ করেন এবং গুরুত্বপূর্ণ স্থানসমূহ পরিদর্শন করেন। উল্লেখ্য, মহামান্য রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর-এর অনুমোদন সাপেক্ষে উপাচার্য রাশিয়া ভ্রমণ করেন।